347 ERP-141 I 392 (23)

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये रु.10

TEN RUPEES Rs.10

सत्यमेव जयते

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL 17AA 950730

Addl. District Sub-Registrar

Rs.10.00

## সাফ বিক্রয় কোবালা

5 FEB 2008

**কোবালা গ্রহীতাঃ-**

**ঈপক গ্রীন ফিল্ডস আই. টি. পার্কস ডেভলপমেণ্ট লিমিটেড**, একটি সংস্থা, যাহা ১৯৫৬ সালে কোম্পানী আইন অনুসারে নিবন্ধীকৃত, যাহার রেজিষ্টার্ড অফিসের ঠিকানা - **"বিশ্বকর্মা"**, ৮৬সি, তপসিয়া রোড (সাউথ) থানা-তপসিয়া, কোলকাতা-৭০০ ০৪৬। কোম্পানীর পক্ষে- **শ্রী সোমনাথ চক্রবর্ত্তী**, পিতা মৃত অবিনাশ চক্রবর্ত্তী, জাতি-হিন্দু, পেশা-চাকুরী, ঠিকানা **"বিশ্বকর্মা"**, ৮৬সি, তপসিয়া রোড (সাউথ), থানা-তপসিয়া, কোলকাতা-৭০০ ০৪৬।।

| | | |
|---|---|---|
| A(1) | Rs. | 250.00 |
| A(2) | Rs. | 80.00 |
| P.T.A | Rs. | 20.00 |
| Total Rs. | | 350.00 |

Registering Officer

3595

30/01/08

Subh... Sarkar
Advocate
Alipore Judges' Court
Kolkata-700027

A.D.S.R., District
Sub-Registrar
MAYNAGURI

5 FEB 2008

কোবালা দাতা ঃ- শ্রী জটিয়া দেবনাথ, পিতা মৃত গনেশ দেবনাথ,
জাতি-হিন্দু, পেশা-কৃষিকার্য্য,
সাকিম-ঝাড় মাটিয়ালী,পোষ্ট অফিস-লাটাগুড়ি,
থানা- মাল, জেলা -জলপাইগুড়ি ।

Stamp duty Required Rs. 13350/-
Stamp duty paid in
N. J. Stamp Rs. 10/-
Stamp duty paid u/s. 41
of the I.S.A. 1899 in
Bank Draft Rs. 13340/-
Collector u/s. 2(9) of
the I.S.A. 1899.

কস্য নিম্ন তপশীলে বর্ণিত অত্র সহ সঙ্গীয় নক্সায় "লাল" রংয়ের রেখা দ্বারা বিশেষভাবে চিহ্নিত ও প্রদর্শিত কমবেশী ৮ ১/২ (আট পূর্ণ একের দুই) শতক দহলা জমিজমা মায় আকর আওলাতাদি মায় সর্ব্বপ্রকার ব্যবহারিক ও ইজমেণ্ট স্বত্বাদি সহ সম্পত্তির সম্পূর্ণ নিদ্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা -জলপাইগুড়ি, থানা -মাল, ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-জলপাইগুড়ি , এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস -ময়নাগুড়ি , লাটাগুড়ি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পরগনা -দক্ষিণ ময়নাগুড়ি, ৮৪ নং তৌজির অন্তর্গত, রেঃ সাঃ নং-৫৯, জে. এল. নং ৯২, বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে জেলা-জলপাইগুড়ি কালেকটর বাহাদুরের অধীন, মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, আর. এস. ১৬/৫ ও ১৬/৬ নং খতিয়ানের অন্তর্গত, এল. আর. জরীপের ১৭৯ নং খতিয়ান ভূক্ত, আর. এস. ও এল. আর. ৭৬৩ নং দাগে ৩২ শতক দহলা জমিজমার মধ্যে ৫ শতক দহলা জমিজমা এবং আর. এস. ও এল. আর. ৭৭৬ নং দাগে ৭২ শতক দহলা জমিজমার মধ্যে ১২ শতক দহলা জমিজমার মালিক ও দখলীকার ছিলেন বিখালী রায় মহাশয়া।

উক্ত বিখালী রায় উপরিউক্ত সম্পত্তি ভোগদখল করিতে থাকাকালীন তিনি তাহার এক পুত্র-রমেশ চন্দ্র রায় এবং এক কন্যা-কমলিনী রায়কে ওয়ারিশান রাখিয়া ইহলোক ত্যাগ করেন এবং উক্ত বিখালী রায় মহাশয়ার মৃত্যুর পর তাহার এক পুত্র ও এক কন্যা তাহার ত্যক্ত সম্পত্তির প্রত্যেকে ১/২ অংশের মালিক ও দখলীকার নিয়ত হয়েন।

উক্ত রমেশ চন্দ্র রায় মহাশয়ের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত জমিজমা ভোগদখল করিতে থাকাকালীন তিনি বিগত ইংরাজী ১৯/০১/২০০৪ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত

পৃষ্ঠা ৩

Addl. District
Sub-Registrar
RAYNAGUR

5 FEB 2008

Certified that Deficit Stamp Duty Rs. 1450/-
(Rupees [illegible]) as a Bank
Draft bearing No. of State Bank
of India 831643 Code 00001 is 1/2/08
make up the proper Stamp Duty with which
the Document is Chargeable

COLLECTOR
U/S. 2/9) (b) of I.S. Act, 1899
A.D.S.R. Maynaguri, Jalpaiguri 5/2/08



দলিল মূলে আর. এস. ১৬/৫ ও ১৬/৬ নং খতিয়ানের অন্তর্গত, এল. আর. জরীপের ১৭৯ নং খতিয়ান ভুক্ত, আর. এস. ও এল. আর. ৭৬৩ নং দাগে ৩২ শতক দহলা জমিজমার মধ্যে ৫ শতকের অন্দরে ২ ১/২ শতক দহলা জমিজমা এবং আর. এস. ও এল. আর.৭৭৬ নং দাগে ৭২ শতক দহলা জমিজমার মধ্যে ১২ শতকের অন্দরে ৬ শতক দহলা জমিজমা বর্তমান কোবালা দাতা-জটিয়া দেবনাথকে বিক্রয় করিয়া চিহ্নিত মতে দখল দেন। উক্ত দলিল খানি ময়নাগুড়ি সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৩ নং ভল্যুমের , ২০৯ নং পৃষ্ঠা হইতে ২১৬ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ২০০৪ সালে ১০৫ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে।

আমি বর্তমান কোবালা দাতা বিগত ইংরাজী ১০/০১/২০০৮ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত দলিল মূলে কোবালা গ্রহীতাকে কিছু সম্পত্তি বিক্রয় করিয়াছি এবং বক্রী সম্পত্তির কিছু অংশ অত্র দলিলে বিক্রয় করিতেছি।

আমি বর্তমান কোবালা দাতা উপরিউক্ত ৮ ১/২ ( আট পূর্ণ একের দুই) শতক দহলা জমিজমা খরিদ করিয়া ও উহার ট্যাক্সাদি ও খাজনাদি আদায় দিয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে ও নিব্যূঢ় স্বত্বে খাসে ভোগবান ও দখলীকার নিয়ত আছি।

এক্ষনে নানাপ্রকার বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন বোধে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমি বিক্রয় করিবার প্রকাশ, প্রচার ও ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা তাহা অবগত হইয়া আমার নিকট নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি সর্ব্বমোট **২৯,০০০(ঊনত্রিশ হাজার) টাকা** মূল্যে খরিদ করিবার প্রস্তাব দিলে আমি উহা বাজারোচিৎ সর্ব্বোচ্চ মূল্য বিবেচনা করিয়া রাজী হইয়া আপনার নিকট হইতে পণের সমুদয় মূল্য **২৯,০০০(ঊনত্রিশ হাজার)টাকা** নিম্নের জায় মোতাবেক গ্রহণ করতঃ আপনার নাম বরাবর অত্র কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনাকে বিক্রয়করতঃ বিক্রীত সম্পত্তির খোলসা খাস দখল অদ্যই আপনাকে প্রদান করিয়া দিয়া উহা হইতে ওয়ারিশানগণক্রমে আমি চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম।

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

5 FEB 2008

আমি অত্র কোবালা দাতা এতদ্বারা প্রচার, প্রকাশ ও ঘোষণা করিতেছি যে বিক্রীত সম্পত্তি মায় তৎসংলগ্ন যাবতীয় ইজমেন্ট স্বত্বাদিতে আমার যাহা কিছু সত্ব, স্বামীত্ব অধিকার হক হকিয়ৎ ছিল বা আছে তৎসমুদয় অত্র কোবালা বলে ধ্বংশ ও লুপ্ত হইয়া আপানাতে বর্তাইল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে মালিক দখলিকার নিযুক্ত হইয়া বর্তমান মালিক সরকার সেরেস্থায় ও গ্রাম পঞ্চায়েতে আমার নামের স্থলে আপনার নিজ নাম নথিভূক্ত করাইয়া উহার ধার্য্যকৃত খাজনাদি ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করনের অবাধ ক্ষমতা যুক্তে স্থলাভিষিক্তগণক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে কস্মিনকালেও আমি মায় আমার অপর ওয়ারিশান গণক্রমে কেহ কোনদিন কোনপ্রকার প্রকার ওজর আপত্তি বা দাবি দাওয়া করিতে পারিব না, করিলেও তাহা অত্র বিক্রয় কোবালা বলে সর্বদা বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

প্রকাশ থাকে যে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে অন্য কাহারও নিকট কোনপ্রকারে দায়, সংযোগ বা হস্তান্তর করি নাই বা করা নাই অথবা কাহাকেও বিলি বন্দোবস্ত করা নাই অথবা কাহাকেও জীবন স্বত্ত্বে বা নিঃস্বত্বে দান করা নাই, উক্ত সম্পত্তি কোন দেবসেবায় অর্পন করা নাই অথবা কাহাকেও ভাগে বিলি বন্দোবস্ত দেওয়া নাই কিংবা সরকার বাহাদুর হইতে একুইজিশান বা রিকুইজিশান হইবার জন্য কোন নোটিশ জারি হয় নাই, অথবা বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার মামলা মোকর্দ্দমা দায়ের করা নাই অথবা আর অন্য কোন শরিক বা অংশীদার নাই। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়ি, নির্দ্দোষি, উত্তম স্বত্ত্ব এবং মুক্ত অবস্থায় আমার ষোল আনা খাস দখলে থাকা অবস্থায় উহা আমি আপনাকে নির্ব্যূঢ় স্বত্বে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে দখলচ্যুত হইয়া অদ্যই আপনাকে খোলসা খাস দখল প্রদান করিলাম।

যদি ভবিষ্যতে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তির দায় থাকা প্রকাশ পায় কিংবা উক্ত স্বীকার উক্তির মধ্যে কোন একটি মিথ্যা বা তঞ্চকতা প্রমানিত হইয়া আপনার খরিদা স্বত্ব দখলে বা তাহার কোন অংশে ক্ষতি হয় বা বিঘ্ন ঘটে তাহা হইলে আপনি মাফিক আইন আমলে আসিয়া আপনার যাবতীয় ক্ষতি বা খেসারত পূরন করিতে আমি মায় আমার ওয়ারিশান গণক্রমে বাধ্য থাকিলাম।

Addl. District Sub-Registrar
RAYNAGURI

5 FEB 2008

যদি ভবিষ্যতে অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে কোনপ্রকার ভুলভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহার জন্য যদি কোনপ্রকার সংশোধনী দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আমি মায় আমার ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে পুনরায় যে কোনপ্রকার সংশোধনী দলিলাদি আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সরল অন্তঃকরনে, অন্যের বিনানুরোধে বা বিনা প্ররোরচনায় অত্র দলিল পড়াইয়া, শুনিয়া, বুঝিয়া ও ইহার মর্ম্ম ও ফলাফল সম্যকরূপে অবগত হইয়া অত্র দলিল আপনার নাম বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং বাংলা ১৪১৪ সালের ২০শে মাঘ, মোতাবেক ইংরাজী ২০০৮ সালের ৪ঠা ফেব্রুয়ারী।

## তপশীল (বিক্রীত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি)

জেলা -জলপাইগুড়ি, থানা -মাল, ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-জলপাইগুড়ি, এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস -ময়নাগুড়ি, লাটাগুড়ি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পরগনা -দক্ষিণ ময়নাগুড়ি, ৮৪ নং তৌজির অন্তর্গত, রেঃ সাঃ নং-৫৯, জে. এল. নং ৯২, মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, আর. এস. ১৬/৫ ও ১৬/৬ নং খতিয়ানের অন্তর্গত, এল. আর. জরীপের ১৭৯ নং খতিয়ান ভূক্ত, আর. এস. ও এল. আর. ৭৬৩(সাত শত তেষট্টি) নং দাগে ৩২ শতক দহলা জমিজমার মধ্যে ৫ শতকের অন্দরে ২ ১/২ (দুই পূর্ণ একের দুই) শতক দহলা জমিজমা এবং আর. এস. ও এল. আর. ৭৭৬(সাত শত ছিয়াত্তর) নং দাগে ৭২ শতক দহলা জমিজমার মধ্যে ১২ শতকের অন্দরে ৬(ছয়) শতক দহলা জমিজমা অর্থাৎ দুইটি দাগে সর্ব্বমোট কমবেশী ৮ ১/২ (আট পূর্ণ একের দুই) শতক দহলা জমিজমা মায় আকর আওলাতাদি মায় সর্ব্বপ্রকার ব্যবহারিক ও ইজমেণ্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি অত্র কোবালা দলিলের সহিত গ্রথিত নক্সায় "**লাল**" রংয়ের রেখার দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত। অত্র বিক্রীত দাগের সম্পত্তি চাষাবাদে ব্যবহৃত হইতেছে এবং যাতায়াতের কোন পথ নাই।

Addl. District
Sub-Registrar
MAYNAGUR

5 FEB 2008

উহার চৌহদ্দি ঃ-

দাগ নং ৭৬৩

উত্তরে ঃ- গ্রহীতার জমিজমা। দক্ষিণেঃ- গ্রহীতার জমিজমা।
পূর্বেঃ- গ্রহীতার জমিজমা। পশ্চিমে ঃ- গ্রহীতার জমিজমা।

দাগ নং ৭৭৬

উত্তরে ঃ- গ্রহীতার জমিজমা। দক্ষিণেঃ- গ্রহীতার জমিজমা।
পূর্বেঃ- গ্রহীতার জমিজমা। পশ্চিমে ঃ- গ্রহীতার জমিজমা।

## টাকার জায়

অদ্য কোবালা গ্রহীতার নিকট হইতে ড্রাফট মারফৎ লওয়া ২৯,০০০ (উনত্রিশ হাজার) টাকা মাত্র উহা নিম্নে বর্ণিত হইল।

| ব্যাঙ্ক | ড্রাফট নং | তারিখ | টাকা |
|---|---|---|---|
| সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া | ০৪৮১২২ | ০১/০২/২০০৮ | ২৯,০০০ |
| | | মোট | ২৯,০০০ |

মবলগে (উনত্রিশ হাজার টাকা) মাত্র বুঝিয়া পাইলাম।

ইসাদী ঃ-

১। [illegible handwritten signature and address]

২। [illegible handwritten signature and address]

কোবালা দাতার স্বাক্ষর

**_Readover and Explaned to the Vendor &_**
**_Drafted by & Prepared in the office of_** :-

Subhankar Sarkar


**Subhankar Sarkar**
*Advocate*
Enrolment No. WB/205/1997
Alipore Judges' Court, Kolkata-700 027.
**_Computer Print by_** :-

*Tuphan Ganguly*
Alipore Judges' Court, Kolkata-700 027.

Addl. District
Sub-Registrar
MAYNAGURI



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |




জটিয়া দেবনাথ

নাম ঃ- শ্রী জটিয়া দেবনাথ

স্বাক্ষরঃ- জটিয়া দেবনাথ



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |



সোমনাথ চক্রবর্ত্তী

নাম ঃ- শ্রী সোমনাথ চক্রবর্ত্তী

স্বাক্ষরঃ- সোমনাথ চক্রবর্ত্তী


A.D.S.R., District
Sub-Registrar
MAYNAGURI

5 FEB 2008

SITE PLAN IN RESPECT OF EPOCH GREEN FIELDS I.T. PARKS DEVELOPMENT LIMITED. 86C TOPSIA ROAD (SOUTH) KOLKATA-700046 OF MOUZA JHAR MATIALI J.L.NO-92 SHEET NO-2 P.S.-MAL UNDER LATAGURI GRAM PANCHAYET DISTRICT-JALPAIGURI.

TRUE COPY OF R.S. MAP (IN PART)
SCALE 16"=1 MILE

LAND PROPOSED TO BE SOLD
AREA SHOWN BY RED COLOUR




Prepared by -

Surveyor
Rage No S/50827-3857/08
P.O Maynagun Dist Jalpaigun

9

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR MAYNAGURI

Addl. Districts
Sub-Registrar
MAYNAGURI

05 FEB 2008

Government Of West Bengal
Office of the A. D. S. R. MOYNAGURI
MOYNAGURI
Endorsement For deed Number :I-00392 of :2008
(Serial No. 00347, 2008)

## On 04/02/2008

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 12.04 on 04/02/2008 at the Private residence by Sri Jatia Debnath,Executant.

Name of the Registering officer :**Pijush Kanti Bhadury**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

## On 05/02/2008

**Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899, also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.-10/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 308/- on:05/02/2008

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 29000/-

Certified that the required stamp duty of this document is Rs.1450 /- and the Stamp duty paid as Impresive Rs- 10

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs 1450/- is paid by the draft no :631643, Draft date:01/02/2008, Bank name:STATE BANK OF INDIA Calcutta, recieved on 05/02/2008

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on :05/02/2008 by

1 Sri Jatia Debnath, son of Late Ganesh Debnath,Vill- Jharmatiali Thana Mal, By caste Hindu,by Profession Cultivation

Identified By Bhupendranath Roy, son of Late Kamdeb Roy Vill- Uttar Jharmatiali P. O- Lataguri Dist- Jalpaiguri Thana Mal, by caste Hindu,By Profession Cultivation

Name of the Registering officer :**Pijush Kanti Bhadury**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

[Pijush Kanti Bhadury]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF MOYNAGURI
Govt. of West Bengal

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

5 FEB 2008

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 2
Page from 37 to 47
being No 00392 for the year 2008.

(Pijush Kanti Bhadury) 05-February-2008
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. MOYNAGURI
West Bengal

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

- 5 FEB 2008